**Paper : DSE-A-3**

**[Philosophy of Language (Indian)]**

**Full Marks : 65**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) ন্যায়মতে শক্তিবৃত্তি হল পদের

(অ) মুখ্যবৃত্তি (আ) গৌণবৃত্তি

(ই) উভয়ই (ঈ) কোনোটিই নয়।

(খ) 'ঘট' পদের শক্তি জাতিতে— এটি কার মত?

(অ) নৈয়ায়িকদের (আ) মীমাংসকদের

(ই) চার্বাকদের (ঈ) এঁদের কেউই নন।

(গ) 'ঈশ্বর সংকেত শক্তি'— কোন্ সম্প্রদায়ের মত?

(অ) মীমাংসা (আ) ন্যায়

(ই) চার্বাক (ঈ) সাংখ্য।

(ঘ) 'উদ্ভিদ' পদটি হল

(অ) যোগরূঢ় পদ (আ) যৌগিকরূঢ় পদ

(ই) যৌগিক পদ (ঈ) রূঢ় পদ।

(ঙ) 'ইতরান্বিতেঃ শক্তিঃ'— কোন্ দার্শনিক সম্প্রদায়ের মত?

(অ) ন্যায় (আ) ভাট্ট মীমাংসক

(ই) প্রাভাকর মীমাংসক (ঈ) কোনোটিই নয়।

(চ) পদের গৌণীবৃত্তি স্বীকার করেন

(অ) নৈয়ায়িক (আ) বৈয়াকরণ

(ই) মীমাংসক (ঈ) এঁদের কেউই নন।

(ছ) লক্ষণা হল পদের সঙ্গে পদার্থের

(অ) সম্বন্ধ (আ) সম্বন্ধের অভাব

(ই) সাদৃশ্য (ঈ) সাদৃশ্যের অভাব।

(জ) প্রাভাকর মীমাংসক সমর্থিত মতবাদ কোন্‌টি?

(অ) অন্বিত-অভিধানবাদ

(আ) তাৎপর্য্যবাদ

(ই) সংসর্গ মর্যাদাবাদ

(ঈ) অভিহিত-অন্বয়বাদ।

(ঝ) 'বক্তার ইচ্ছা' হল

(অ) আকাঙ্ক্ষা

(আ) তাৎপর্য

(ই) যোগ্যতা

(ঈ) কোনোটিই নয়।

(ঞ) একটি জহৎ অজহৎলক্ষণার উদাহরণ হল

(অ) মঞ্চাঃ ক্রোশন্তি

(আ) ছত্রিণো গচ্ছন্তি

(ই) তৎ ত্বম্ অসি

(ঈ) কোনোটিই নয়।

(ট) অন্নংভট্টের মতে পদের লক্ষণ হল

(অ) বিভক্তন্তেং পদম্

(আ) স্যুপ্-তিঙন্তং পদম্

(ই) শক্তং পদম্

(ঈ) কোনোটিই নয়।

(ঠ) রূঢ়ি শব্দের অর্থ হল

(অ) সমুদায় শক্তি

(আ) অবয়ব শক্তি

(ই) অবয়ব শক্তি ও সমুদায় শক্তি

(ঈ) কোনোটিই নয়।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (*যে-কোনো পাঁচটি*)ঃ ৫×৫

(ক) যৌগিক রূঢ় এবং যোগরূঢ় পদ উদাহরণসহ আলোচনা করো।

(খ) গৌণী কি একপ্রকার লক্ষণা? দৃষ্টান্তসহ আলোচনা করো।

(গ) অভিহিতান্বয়বাদের মূল বক্তব্য কী?

(ঘ) তাৎপর্যজ্ঞানকে শাব্দবোধের কারণ বলা যায় কি? আলোচনা করো।

(ঙ) 'ঘট' পদটি তার শক্তির দ্বারা কাকে বোঝায়? ন্যায়মত অনুসরণে আলোচনা করো।

(চ) অন্নংভট্টকে অনুসরণ করে শক্তির স্বরূপ ব্যাখ্যা করো।

(ছ) যৌগিক ও রূঢ় পদের পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।

(জ) বৃত্তি কয় প্রকার? 'গঙ্গাপদ' গঙ্গাতীর অর্থকে বোঝায় কোন্ বৃত্তির দ্বারা? ব্যাখ্যা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) জাতিশক্তিবাদ ও আকৃতিশক্তিবাদ— এর মধ্যে পার্থক্য আলোচনা করো। ১৫

(খ) উদাহরণসহ অন্বিতাভিধানবাদ ব্যাখ্যা করো। ১৫

(গ) আকাঙ্ক্ষা, যোগ্যতা ও সন্নিধি বলতে অন্নংভট্ট কী বুঝিয়েছেন? শাব্দবোধের ক্ষেত্রে এদের কারণ বলা হয় কেন? ৯+৬

(ঘ) (অ) 'তাৎপর্য-অনুপপত্তিঃ লক্ষণাবীজম্'— আলোচনা করো।

(আ) জহৎলক্ষণা ও অজহৎলক্ষণার পার্থক্য কোথায়?

(ই) 'তৎ তম্ অসি' কোন্ লক্ষণার উদাহরণ? ব্যাখ্যা করো। ৫+৫+৫

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

1. Choose the correct option (***any ten***) : 1×10

(a) '*Śakti*' of a word, according to the Nyāya school is the

(i) primary signifying power (ii) secondary signifying power

(iii) Both (iv) None of these.

(b) The word 'pot' primarily denotes *Jāti* (universal)— Whose view is this?

(i) Naiyāyikas (ii) Mimāṃsakas

(iii) Cārvākas (iv) None of them.

(c) 'God's will is '*śakti*'— which school of philosophy holds this view?

(i) Mimāṃsā (ii) Nyāya

(iii) Cārvāka (iv) Sāṁkhya.

(d) The term '*Udvit*' (plant) is a

(i) *Yoga-rūḍha* term (ii) *Yougika-rūḍha* term

(iii) *Yougika* term (iv) *rūḍha* term.

(e) '*Itarānvite śaktiḥ*'— which school of philosophy holds this view?

(i) Nyāya (ii) Bhāṭṭa Mīmāṃsaka

(iii) Prābhākara Mīmāṃsaka (iv) None of these.

(f) Figurative meaning of a word is admitted by

(i) Naiyāyika (ii) Grammarian

(iii) Mīmāṃsaka (iv) None of them.

(g) *Lakṣaṇā* is the

(i) relation between word and its meaning

(ii) absence of relation between word and its meaning

(iii) similarity between word and its meaning

(iv) absence of similarity between word and its meaning.

(h) Which theory is supported by the Prābhākara Mimāṃsakas?

(i) *anvita-avidhānavāda* (ii) *tatparyavāda*

(iii) *saṃsargamaryādāvāda* (iv) *abhihita-anvayavāda*.

(i) Intention of the speaker is

(i) *ākāṁkṣā*

(ii) *tātparya*

(iii) *yogyatā*

(iv) None of these.

(j) An example of *Jahat-ajahat lakṣanā* is

(i) the platform is shouting (*mañcāḥ krośanti*)

(ii) people with umbrella are moving (*chatriṇo gacchanti*)

(iii) you art thou (*tat tvam asi*)

(iv) None of these.

(k) The definition (*lakṣaṇa*) of a *pada*, according to Annaṃbhatta is

(i) *vibhaktyantaṁ padaṁ*

(ii) *suptiṁantaṁ padaṁ*

(iii) *śaktaṁ padam*

(iv) None of these.

(l) The meaning of the word rūḍhi is

(i) *samudāya śakti*

(ii) *avayava śakti*

(iii) *avayava śakti* and *samudāya śakti*

(iv) None of these.

2. Answer in brief (***any five***) : 5×5

(a) Discuss with examples '*Yougika-rūḍha* and '*Yoga-rūḍha*' term.

(b) Is *Gauṇī* a kind of *lakṣaṇā*? Explain with an example.

(c) What is the main tenet of *abhihitānvayavāda*?

(d) Discuss whether *tātparya jñāna* can be regarded as the cause of *śābdabodha*.

(e) What is meant by the *śakti* of the term 'pot'? Discuss following Nyāya view.

(f) Explain the nature of *śakti* after Annaṃbhatta.

(g) Discuss, with examples, the difference between *yougika* and *rūḍha pada*.

(h) How many types of *vṛitti*? By which *vṛitti* the term 'Ganga' means bank of Ganga river? Explain.

3. Answer ***any two*** questions :

(a) Discuss the difference between *jātiśaktivāda* and *ākṛtiśaktivāda*. 15

(b) Explain *anvitābhidhānvāda* with example. 15

(c) What does Annaṃbhaṭṭa mean by *ākāṁkṣā*, *yogyatā* and *sannidhi*? Why are these regarded as causes of (verbal cognition) *śābdabodh*? 9+6

(d) (i) '*Tātparya anupapatti lakṣanābijam*'.— Discuss.

(ii) Distinguish between *jahat-lakṣaṇā* and *ajahatlakṣaṇā*.

(iii) '*Tat tvam asi*'— example of which types of *lakṣaṇā*? Explain. 5+5+5